


## ১। উপযুক্ততা।

| শাখার নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|
| ডিই/ইউসি (সিম্যান, কমিউনিকেশন ও টেকনিক্যাল) (পুরুষ) | এসএসসি/সমমান (মাদ্রাসা ও ভোকেশনাল), বিজ্ঞান বিভাগে জিপিএ ৩.৫০ (ন্যূনতম)। এসএসসি পরীক্ষায় উচ্চতর গণিতধারী প্রার্থী এবং বিএন ডকইয়ার্ড কো-অপারেটিভ সোসাইটি টেকনিক্যাল ইন্সটিটিউট হতে ন্যূনতম 'এ' গ্রেড প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| মেডিকেল (পুরুষ ও মহিলা) | জীব বিজ্ঞানসহ এসএসসি (বিজ্ঞান)/সমমান - জিপিএ ৩.৫০ (ন্যূনতম)। |
| পেট্রোলম্যান, কুক, স্টুয়ার্ড ও এমওডিসি (নৌ) (পুরুষ) রাইটার ও স্টোর (পুরুষ ও মহিলা) | পেট্রোলম্যান, রাইটার, স্টোর ও এমওডিসি (নৌ) এর ক্ষেত্রে এসএসসি/সমমান (মাদ্রাসা ও ভোকেশনাল) - জিপিএ ৩.০০ (ন্যূনতম)। কুক ও স্টুয়ার্ড এর ক্ষেত্রে এসএসসি/সমমান (মাদ্রাসা ও ভোকেশনাল) - জিপিএ ২.৫০ (ন্যূনতম)। |
| টোপাস (পুরুষ) | ৮ম শ্রেণি পাস। |

## ২। শারীরিক যোগ্যতা (ন্যূনতম)।

| শাখা | উচ্চতা | বুকের মাপ | ওজন | চোখের দৃষ্টি |
|---|---|---|---|---|
| সিম্যান (পুরুষ) | ১৬৭.৫ সেঃমিঃ (৫'-৬") | পুরুষ : ৭৬-৮১ সেঃমিঃ (৩০"-৩২") সম্প্রসারণ ৫ সেঃমিঃ (২") মহিলা : ৭১-৭৬ সেঃমিঃ (২৮"-৩০") সম্প্রসারণ ৫ সেঃমিঃ (২") | বয়স ও উচ্চতা অনুযায়ী | ৬/৬ |
| পেট্রোলম্যান (পুরুষ) | ১৭২.৫ সেঃমিঃ (৫'-৮") | | | |
| অন্যান্য শাখা (কমিউনিকেশন, টেকনিক্যাল, মেডিকেল, রাইটার, স্টোর, কুক, স্টুয়ার্ড ও টোপাস) | পুরুষ - ১৬২.৫ সেঃমিঃ (৫'-৪") মহিলা - ১৫৭.৪৮ সেঃমিঃ (৫'-২") | | | |
| এমওডিসি (নৌ) (পুরুষ) | ১৬৭.৫ সেঃমিঃ (৫'-৬") | | | |

## ৩। অন্যান্য শর্তাবলী (সকল পদবির জন্য)।

ক। বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিক খ। সাঁতার জানা অত্যাবশ্যক গ। অবিবাহিত (তালাকপ্রাপ্ত নয়) ঘ। বয়স ঃ ০১ জানুয়ারি ২০২৪ তারিখে (১) নাবিক ও মহিলা নাবিক ঃ ১৭ থেকে ২০ বছর (২) এমওডিসি (নৌ) ঃ ১৭ থেকে ২২ বছর। বয়সের এফিডেভিড গ্রহণযোগ্য নয়।

## ৪। অযোগ্যতা।

ক। বাংলাদেশ বা অন্য কোন দেশে প্রচলিত বলবৎযোগ্য কোন আইন ও বিধির অধীনে গ্রেফতার, দোষী সাব্যস্ত, বন্দী, আটক অথবা কোন মামলায় অভিযুক্ত হয়ে কোন বিচারালয়ে বিচারাধীন থাকলে। খ। সশস্ত্র বাহিনী অথবা সরকারি চাকরি থেকে অপসারিত/বহিস্কৃত হলে। গ। দ্বৈত নাগরিকত্ব।

## ৫। প্রয়োজনীয় সনদপত্রের বিস্তারিত বিবরণ।

ক। শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

(১) এসএসসি পাস প্রার্থীদের মূল অথবা শিক্ষাবোর্ড কর্তৃক ইস্যুকৃত সাময়িক সনদপত্র/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রশংসাপত্র, মূল মার্কশিট/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক মূল মার্কশিটের সত্যায়িত ফটোকপি, মূল রেজিস্ট্রেশন কার্ড এবং মূল এডমিট কার্ড। কোন কারণে যারা মূল/সাময়িক সনদপত্র দিতে অপারগ হবে, তারা ভর্তি হওয়ার সময় সত্যায়িত কপি জমা দিলে চলবে। তবে নবীন নাবিক প্রশিক্ষণ বিদ্যালয়, বানৌজা শের-ই-বাংলা, লালুয়া, কলাপাড়া, পটুয়াখালীতে প্রশিক্ষণের জন্য যোগদানের সময় অবশ্যই মূলকপি জমা দিতে হবে।

(২) অধিক শিক্ষাগত যোগ্যতার যেকোন প্রার্থীগণকে ভর্তি করা যাবে, ভর্তিকালীন সময়ে অধিক শিক্ষাগতা যোগ্যতার সনদ সঙ্গে নিয়ে আসতে হবে। তবে তারা এজন্য কোন অতিরিক্ত সুযোগ-সুবিধা পাবেন না।

(৩) ৮ম শ্রেণি পাস প্রার্থীদের স্কুল হতে পাসকৃত সনদপত্র ও পরীক্ষার মার্কশিট জমা দিতে হবে।

খ। জাতীয়তা ও চরিত্রগত সনদপত্র। স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর বা কমিশনারের নিকট হতে গৃহীত জাতীয়তা ও হালনাগাদ অবিবাহিত ও চারিত্রিক সনদপত্র (বৈবাহিক মর্যাদা ও স্থায়ী বাসস্থানের উল্লেখ থাকতে হবে)।

গ। জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্র। ১ম শ্রেণির গেজেটেড অফিসার/চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/কমিশনার কর্তৃক প্রার্থীর জন্ম নিবন্ধন অথবা জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং পিতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

ঘ। ছবি। সদ্য তোলা পাসপোর্ট আকারের প্রার্থীর নিজের ১৫ কপি, পিতার ১ কপি এবং মাতার ১ কপি রঙিন ছবি (ল্যাব প্রিন্ট) ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।

ঙ। চাকরিরত প্রার্থীগণের নিয়োগকারী কর্তৃপক্ষের ছাড়পত্র আনতে হবে।

## ৬। আবেদনপত্র সংগ্রহ ও পূরণ।

Sailor পদে আবেদনকারী প্রার্থীগণকে www.joinnavy.navy.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এ Sailor Section/Apply Now এ ক্লিক করে প্রথমেই প্রার্থীকে প্রাক্‌যোগ্যতা যাচাইকরতঃ নাবিক, মহিলা নাবিক ও এমওডিসি(নৌ) এর শাখা ভিত্তিক Job Description (দায়িত্ব ও কর্তব্য) জেনে Apply Now বাটনে ক্লিক করতে হবে। এরপর Sign Up/Sign In করে প্রার্থীকে ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করতে হবে। এ পর্যায়ে প্রার্থীগণ যে কোন ব্যাংক কর্তৃক প্রদত্ত ক্রেডিট/ডেবিট কার্ড (যেমনঃ Visa, Master Card, American Express, Nexus) এবং মোবাইল ব্যাংকিং (যেমনঃ বিকাশ, নগদ, রকেট, TAP, ok wallet) ইত্যাদির মাধ্যমে চার্জ ব্যতিত ২০০/০০ (টাকা দুইশত) টাকার (অফেরতযোগ্য) আবেদন ফি প্রদান করতে পারবেন। পেমেন্ট Successfully Complete হওয়ার পর নির্দেশনা অনুসরণকরতঃ সঠিক তথ্য দিয়ে Online আবেদন ফরমটি পূরণ করতে হবে। পূরণকৃত ফরমটি সঠিক আছে কিনা পুনরায় যাচাই করে সকল তথ্য সঠিক থাকলে 'জমা দিন ' বাটনে ক্লিক করে 'নাবিক-১' ফরমটি ডাউনলোড ও প্রিন্ট করে পরবর্তীতে এই বিজ্ঞাপনে প্রদত্ত তারিখ ও সময় অনুযায়ী নির্দিষ্ট কেন্দ্রে নির্দিষ্ট সময়ে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ উপস্থিত থাকতে হবে। যদি কোন প্রার্থী উক্ত আবেদন পত্রটি ডাউনলোড করতে ব্যর্থ হয় তবে ওয়েব সাইটে পুনরায় Sign In করে আবেদন পত্রটি ডাউনলোড ও প্রিন্ট করা যাবে।

## ৭। ভর্তি পদ্ধতি।

অনলাইনে আবেদনকারীগণকে পূরণকৃত আবেদনপত্রটি প্রিন্ট করে বিজ্ঞপ্তি মোতাবেক ফর্মে উল্লেখিত সকল সার্টিফিকেট ও কাগজপত্রসহ নিজ জেলার ভর্তি কেন্দ্রে নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। প্রার্থীর সকল কাগজপত্র সঠিক পাওয়া গেলে প্রথমে তার প্রাথমিক নির্বাচন করা হবে। প্রাথমিকভাবে নির্বাচিতগণের ইংরেজি, বাংলা, গণিত, বিজ্ঞান এবং সাধারণ জ্ঞান ও বুদ্ধিমত্তা বিষয়ের উপর লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। উক্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হলে তাকে নাবিক হিসেবে ভর্তি করা হবে।

## ৮। চাকরির সুবিধাদি।

ক। বেতন ও ভাতাদি। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হবে।

খ। অন্যান্য। (১) বিনামূল্যে পোষাক, থাকা, খাওয়া ও চিকিৎসার সুবিধা। (২) হ্রাসকৃত মূল্যে পরিবারের জন্য রেশন ক্রয়ের সুবিধা। (৩) অবসর গ্রহণকালে অবসর ভাতা এবং গ্র্যাচুইটির সুবিধা। (৪) চাকরিকালীন যোগ্যতার ভিত্তিতে নন-কমিশন্ড অফিসার, জুনিয়র কমিশন্ড অফিসার এবং বিশেষ যোগ্যতার ক্ষেত্রে কমিশন্ড অফিসার পদে পদোন্নতির সুযোগ। (৫) চাকরিকালীন অবস্থায় মৃত্যুবরণ করলে অথবা পঙ্গু হলে পদবিভিত্তিক বীমা সুবিধা এবং পরিবারের জন্য বেনেভোলেন্ট ফান্ডের আর্থিক সুবিধা। (৬) বিদেশে প্রশিক্ষণ, নৌবাহিনীর জাহাজে বিদেশী পোর্টে শুভেচ্ছা সফর, বিদেশ থেকে জাহাজ আনয়ন ও জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিদেশ ভ্রমণের মাধ্যমে আর্থিক স্বচ্ছলতা অর্জনের সুযোগ। (৭) বিদেশে বাংলাদেশ দূতাবাসসমূহে নিয়োগ প্রাপ্তির সুযোগ। (৮) নিজ সন্তানদের জন্য যোগ্যতার ভিত্তিতে ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি এবং নৌবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজে অধ্যয়নের সুযোগ। (৯) নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থান প্রাপ্তি। (১০) সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা ইত্যাদি।

## ৯। বিশেষ দ্রষ্টব্য।

ক। নির্বাচিত প্রার্থীগণকে রিক্রুটিং টিম কর্তৃক নির্দেশিত তারিখে (পরিবর্তনযোগ্য) বানৌজা শের-ই-বাংলা, লালুয়া, কলাপাড়া, পটুয়াখালীতে যোগদান করতে হবে। খ। কৃতি খেলোয়াড়দের জন্য সার্বিক শর্তাবলী শিথিলযোগ্য। গ। ক্ষুদ্রজাতি গোষ্ঠীর ক্ষেত্রে সকল শাখার জন্য পুরুষ নাবিকের উচ্চতা ১৬২.৫ সেঃমিঃ (৫'-৪") গ্রহণযোগ্য। ঘ। জেলাকোটা ভিত্তিক নাবিক ভর্তি করা হবে। ঙ। কোন ভর্তি কেন্দ্রে ঐ কেন্দ্রের জন্য নির্ধারিত জেলার বাহিরের লোক ভর্তি করা হবে না। তবে কোন জেলায় উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে উক্ত জেলার কোটায় বৃহত্তর জেলার উপযুক্ত প্রার্থী ভর্তি করা হবে। চ। নাবিক ভর্তির লক্ষ্যে ভূমিহীন নাবিকদের মধ্যে যারা ভাড়া বাসায় সরকারি খাস জমির উপর নির্মিত বসতবাড়ীতে বসবাস করে তাদের সংশ্লিষ্ট প্রশাসন (উপজেলা নির্বাহী কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ/কাউন্সিলর) হতে ভূমিহীন হিসেবে প্রত্যয়নপত্র নিতে হবে। ছ। **মিথ্যা তথ্য প্রদান ও ঠিকানা জালিয়াতি করে কেউ ভর্তি হলে তার বিরুদ্ধে নৌবাহিনীর আইন মোতাবেক কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।** জ। বীর মুক্তিযোদ্ধার সন্তান/তৃতীয় প্রজন্ম ও নৌকমান্ডোগণের সন্তান/পোষ্যগণ, আনসার/ভিডিপি এবং ক্ষুদ্রজাতি গোষ্ঠীর প্রার্থী প্রয়োজনীয় উপযুক্ততা অর্জন করলে সরকার কর্তৃক নির্ধারিত যথাক্রমে ৩০%, ১০% এবং ৫% কোটায় ভর্তি করা হবে। এজন্য প্রমাণপত্র হিসেবে ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক পিতা/পিতামহের বীর মুক্তিযোদ্ধার সনদের সত্যায়িত ফটোকপি/আনসার অথবা ভিডিপিতে চাকরির সনদের সত্যায়িত ফটোকপি প্রয়োজন হবে। ঝ। নৌবাহিনীতে কর্মরত/অবসরপ্রাপ্ত/মৃত সামরিক/অসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদের প্রয়োজনীয় উপযুক্ততা সাপেক্ষে নির্ধারিত ৫% কোটায় ভর্তি করা হবে। এজন্য প্রমাণপত্র হিসেবে কর্মরতদের ক্ষেত্রে অধিনায়ক/উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্রসহ নৌবাহিনী পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং অবসরপ্রাপ্ত ও মৃতদের ক্ষেত্রে ছবিসহ পেনশন বই এর ফটোকপি উপস্থাপন করতে হবে। ঞ। ভর্তি কেন্দ্রে প্রার্থীদের মোবাইল, ঘড়ি ও যেকোন ধরনের ইলেকট্রনিক গেজেট আনা যাবে না। ট। নিজ জেলা হতে অন্য জেলায় স্থানান্তরিত হয়ে স্থায়ী বাড়ীসহ বসবাসকৃতদের সংশ্লিষ্ট উভয় এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন হতে নাগরিকত্ব সনদ/স্থানান্তরিত হওয়ার সনদ আনতে হবে।

## ভর্তির জন্য প্রয়োজনীয় সনদপত্রসহ নির্ধারিত ভর্তি কেন্দ্রে সকাল ০৮০০ ঘটিকায় নিম্নবর্ণিত তারিখে উপস্থিত হউন ঃ

| কেন্দ্রের নাম | ভর্তির তারিখ | জেলার নাম | জেলা ও শাখাভিত্তিক কোটা — শাখা: ডিই/ইউসি (সিম্যান, কমিউনিকেশন ও টেকনিক্যাল) | মেডিকেল | পেট্রোলম্যান/রাইটার/স্টোর | কুক/স্টুয়ার্ড | এমওডিসি(নৌ) | টোপাস |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | শিক্ষাগত যোগ্যতা: এসএসসি (বিজ্ঞান)/সমমান (মাদ্রাসা ও ভোকেশনাল) | শিক্ষাগত যোগ্যতা: এসএসসি (বিজ্ঞান)/সমমান | শিক্ষাগত যোগ্যতা: এসএসসি/সমমান (মাদ্রাসা ও ভোকেশনাল) | | | শিক্ষাগত যোগ্যতা: ৮ম শ্রেণি |
| রংপুর বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স, রংপুর | ১৮ অক্টোবর ২০২৩ | রংপুর | ৬ | ১ | ১ | নাই | নাই | নাই |
| | ২১ অক্টোবর ২০২৩ | নীলফামারী | ৫ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | | লালমনিরহাট | ৬ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | ২৩ অক্টোবর ২০২৩ | কুড়িগ্রাম | ৩ | নাই | ১ | নাই | নাই | ১ |
| | ২৬ অক্টোবর ২০২৩ | দিনাজপুর | ৪ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | ২৮ অক্টোবর ২০২৩ | গাইবান্ধা | ৫ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | | পঞ্চগড় | ২ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | ৩০ অক্টোবর ২০২৩ | জয়পুরহাট | ৩ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | | ঠাকুরগাঁও | ৩ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | ০১ নভেম্বর ২০২৩ | বগুড়া | ৬ | নাই | নাই | ১ | ১ | নাই |
| রফিক উদ্দিন ভূঁইয়া স্টেডিয়াম, ময়মনসিংহ | ০৫ নভেম্বর ২০২৩ | ময়মনসিংহ (গ্রুপ-১) | ৯ | নাই | ১ | ১ | নাই | ১ |
| | ০৭ নভেম্বর ২০২৩ | ময়মনসিংহ (গ্রুপ-২) | | | | | | |
| | ০৯ নভেম্বর ২০২৩ | নেত্রকোণা | ৭ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | | কিশোরগঞ্জ | ৬ | নাই | ১ | ১ | নাই | ১ |
| | ১১ নভেম্বর ২০২৩ | জামালপুর | ৪ | নাই | নাই | ১ | ১ | নাই |
| | ১৩ নভেম্বর ২০২৩ | শেরপুর | ৫ | নাই | নাই | ১ | নাই | নাই |
| বানৌজা শেখ মুজিব খিলক্ষেত, ঢাকা | ১৮ নভেম্বর ২০২৩ | ঢাকা | ৬ | নাই | নাই | ১ | নাই | ১ |
| | | মানিকগঞ্জ | ২ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | | গাজীপুর | ৬ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | | নরসিংদী | ২ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | ২০ নভেম্বর ২০২৩ | মুন্সিগঞ্জ | ৫ | নাই | ১ | ১ | ১ | ১ |
| | | নারায়ণগঞ্জ | ৪ | নাই | নাই | নাই | নাই | নাই |
| | | টাঙ্গাইল | ৭ | নাই | ১ | ১ | নাই | নাই |
| | ২২ নভেম্বর ২০২৩ | নৌবাহিনীর কর্মরত/অবঃ/শহীদ সামরিক/অসামরিক কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান | ১৩ | ১ | ৩ | ২ | ১ | ১ |
| | | নৌ স্কাউট | ৫ | নাই | ৩ | নাই | নাই | নাই |
| | ২৫ নভেম্বর ২০২৩ | মহিলা নাবিক (উপরোক্ত ২২টি জেলা) | নাই | ৩ (মহিলা) | ৫ (মহিলা) | নাই | নাই | নাই |
| | ২৮ নভেম্বর ২০২৩ | | শূন্যপদ | | | | | |
| রাজশাহী বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স, রাজশাহী | ১৬ অক্টোবর ২০২৩ | রাজশাহী | ৫ | নাই | ১ | ১ | নাই | ১ |
| | ১৮ অক্টোবর ২০২৩ | পাবনা | ৫ | ১ | নাই | নাই | নাই | নাই |
| | ২১ অক্টোবর ২০২৩ | সিরাজগঞ্জ | ৫ | নাই | ১ | ১ | ১ | নাই |
| | ২৩ অক্টোবর ২০২৩ | চাঁপাইনবাবগঞ্জ | ৪ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | | নাটোর | ৪ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | ২৬ অক্টোবর ২০২৩ | নওগাঁ | ৬ | নাই | ১ | ১ | ১ | ১ |
| শেখ কামাল সুইমিংপুল ও জিমনেসিয়াম কমপ্লেক্স, গোপালগঞ্জ | ৩০ অক্টোবর ২০২৩ | গোপালগঞ্জ | ৯ | ১ | ১ | ১ | ১ | ১ |
| | ০১ নভেম্বর ২০২৩ | মাদারীপুর | ৬ | নাই | ১ | নাই | নাই | ১ |
| | | শরীয়তপুর | ৫ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | ০৪ নভেম্বর ২০২৩ | ফরিদপুর | ৫ | নাই | ১ | ১ | নাই | ১ |
| | | রাজবাড়ী | ৫ | নাই | নাই | ১ | নাই | নাই |

| কেন্দ্রের নাম | ভর্তির তারিখ | জেলার নাম | জেলা ও শাখাভিত্তিক কোটা — শাখা: ডিই/ইউসি (সিম্যান, কমিউনিকেশন ও টেকনিক্যাল) | মেডিকেল | পেট্রোলম্যান/রাইটার/স্টোর | কুক/স্টুয়ার্ড | এমওডিসি(নৌ) | টোপাস |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | শিক্ষাগত যোগ্যতা: এসএসসি (বিজ্ঞান)/সমমান (মাদ্রাসা ও ভোকেশনাল) | শিক্ষাগত যোগ্যতা: এসএসসি (বিজ্ঞান)/সমমান | শিক্ষাগত যোগ্যতা: এসএসসি/সমমান (মাদ্রাসা ও ভোকেশনাল) | | | শিক্ষাগত যোগ্যতা: ৮ম শ্রেণি |
| শেখ কামাল সুইমিংপুল ও জিমনেসিয়াম কমপ্লেক্স, গোপালগঞ্জ | ০৬ নভেম্বর ২০২৩ | পটুয়াখালী | ৫ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | | ভোলা | ৪ | নাই | নাই | ১ | নাই | ১ |
| | ০৮ নভেম্বর ২০২৩ | বরগুনা | ৩ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | | বরিশাল | ৫ | নাই | নাই | ১ | নাই | নাই |
| বানৌজা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা। | ১২ নভেম্বর ২০২৩ | খুলনা | ৫ | নাই | ১ | ১ | নাই | ১ |
| | ১৪ নভেম্বর ২০২৩ | পিরোজপুর | ৪ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | | ঝালকাঠি | ১ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | ১৬ নভেম্বর ২০২৩ | বাগেরহাট | ৪ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | | সাতক্ষীরা | ৫ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | | মাগুরা | ৩ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | ১৮ নভেম্বর ২০২৩ | চুয়াডাঙ্গা | ৩ | নাই | নাই | ১ | ১ | নাই |
| | | ঝিনাইদহ | ৫ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | ২০ নভেম্বর ২০২৩ | যশোর | ৫ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | | নড়াইল | ৪ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | | মেহেরপুর | ২ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | ২২ নভেম্বর ২০২৩ | কুষ্টিয়া | ৪ | নাই | ১ | ১ | নাই | নাই |
| | ২৫ নভেম্বর ২০২৩ | মহিলা নাবিক (উপরোক্ত ২৭টি জেলা) | নাই | ৩ (মহিলা) | ৫ (মহিলা) | নাই | নাই | নাই |
| | ২৮ নভেম্বর ২০২৩ | | শূন্যপদ | | | | | |
| আবুল মাল আব্দুল মুহিত ক্রীড়া কমপ্লেক্স, সিলেট | ২১ অক্টোবর ২০২৩ | সিলেট | ৫ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | | সুনামগঞ্জ | ৪ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | ২৩ অক্টোবর ২০২৩ | হবিগঞ্জ | ৪ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | | মৌলভীবাজার | ৩ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | | ব্রাহ্মণবাড়ীয়া | ৫ | নাই | ১ | নাই | নাই | নাই |
| নৌবাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, টাইগারপাস, চট্টগ্রাম | ২৮ অক্টোবর ২০২৩ | চট্টগ্রাম | ১০ | ১ | নাই | ১ | ১ | ১ |
| | ৩০ অক্টোবর ২০২৩ | চাঁদপুর | ৫ | নাই | ১ | ১ | নাই | নাই |
| | | লক্ষ্মীপুর | ৪ | নাই | নাই | ১ | নাই | নাই |
| | ০১ নভেম্বর ২০২৩ | ফেনী | ৬ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | | নোয়াখালী | ৬ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | ০৪ নভেম্বর ২০২৩ | কুমিল্লা | ৮ | নাই | ১ | ১ | নাই | নাই |
| | ০৬ নভেম্বর ২০২৩ | কক্সবাজার | ৬ | নাই | ১ | নাই | নাই | নাই |
| | ০৮ নভেম্বর ২০২৩ | খাগড়াছড়ি | ২ | নাই | নাই | নাই | ১ | নাই |
| | | রাঙ্গামাটি | ২ | নাই | নাই | নাই | নাই | নাই |
| | | বান্দরবান | ২ | নাই | নাই | ১ | নাই | ১ |
| | ১১ নভেম্বর ২০২৩ | মহিলা নাবিক (উপরোক্ত ১৫টি জেলা) | নাই | ২ (মহিলা) | ৪ (মহিলা) | নাই | নাই | নাই |
| | ১৪ নভেম্বর ২০২৩ | | শূন্যপদ | | | | | |

## বিশেষ বিজ্ঞপ্তি

**আপনি যেভাবে প্রতারিত হতে পারেন** ◆ প্রতারক চক্র আপনার আশেপাশে আপনাকে ফাঁদে ফেলার জন্য অপেক্ষা করছে। ◆ অবসরপ্রাপ্ত নৌসদস্যরা আপনাকে চাকরি প্রদানের প্রতিশ্রুতি দিতে পারে। ◆ বিভিন্নভাবে চাকরিরত নৌসদস্যদের পরিচিতির মাধ্যমে চাকরি প্রদানের প্রতিশ্রুতি দিতে পারে। ◆ সরকারি/বেসরকারি চাকরিরত যে কোন ব্যক্তি অবৈধভাবে অর্থ লাভের আশায় আপনাকে চাকরির জন্য প্রলুব্ধ করতে পারে। ◆ দালাল/প্রতারকরা চাকরি না হলে টাকা ফেরতের প্রতিশ্রুতি দিতে পারে এবং ক্ষেত্র বিশেষে টাকা ফেরত দিয়ে অন্যান্যদের আস্থা অর্জন করতে পারে। ◆ দালাল/প্রতারকরা আপনার আস্থা অর্জনের জন্য শারীরিক পরীক্ষার নাম করে সামরিক হাসপাতালের ভুয়া মেডিকেল যোগ্যতা সনদপত্র প্রদান করতে পারে। ◆ দালাল/প্রতারকরা নিজেদেরকে সরকারি/রাজনীতিবিদ/নৌবাহিনীর কর্মকর্তাদের আত্মীয়/বিশেষ পরিচিত হিসেবে উপস্থাপন করতে পারে। ◆ দালাল/প্রতারকরা আপনাকে প্রভাবিত করতে নিজে পরীক্ষা কেন্দ্র পর্যন্ত যেতে পারে এবং বিভিন্ন মাধ্যমে আস্থা অর্জনের চেষ্টা করতে পারে। ◆ স্বাভাবিকভাবে চাকরি প্রাপ্তির পরও প্রতারক চক্র নানাভাবে তাদের সংশ্লিষ্টতা প্রমাণ করার চেষ্টা এবং অর্থ দাবী করতে পারে। ◆ স্বাভাবিকভাবে চাকরি প্রাপ্তির পরও প্রতারক চক্র ছলেবলে কৌশলে যোগদান পত্র হস্তগত করে অর্থ দাবী করতে পারে। ◆ প্রতারক চক্র অনলাইনে আবেদনের ব্যাপারে সবরকম সহযোগিতা করে থাকে এবং মোবাইলে এসএমএস পাবার প্রতিশ্রুতি দিতে পারে। ◆ প্রতারক চক্র আপনাকে ভুয়া যোগদানপত্র দিয়ে প্রশিক্ষণ কেন্দ্রে পাঠাতে পারে। ◆ স্বাভাবিক চাকরি প্রাপ্তির পর প্রতারক চক্র আপনার নামে ভুয়া কেস দেখিয়ে অর্থ দাবী করতে পারে।

**হুঁশিয়ারি** ◆ নৌবাহিনী কর্তৃক প্রচারপত্র ভালভাবে পড়ুন এবং নির্দেশাবলী অনুসরণ করুন। ◆ আপনার এলাকায় পরিচিত/অপরিচিত লোকের চাকরির প্রলোভনের ব্যাপারে সজাগ থাকুন। ◆ সৎ পেশায় যোগদানের জন্য অনৈতিক আর্থিক লেনদেন পরিহার করুন। ◆ ঘুষ গ্রহণ ও প্রদানকারী সমান অপরাধে অপরাধী। ◆ কোন ব্যক্তি চাকরি দেয়ার নিশ্চয়তা দিয়ে আপনার নিকট টাকা দাবী করলে নিশ্চিত জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন। ◆ যদি কোন ব্যক্তি সংবাদপত্রে প্রকাশিত তারিখ ও স্থান ব্যতীত অন্য কোন স্থান বা তারিখে নিয়োগ প্রদান করতে চায় তবে নিশ্চিতভাবে জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন। ◆ প্রতারক সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ রিক্রুটিং অফিসারকে অথবা নিকটস্থ নৌঘাঁটির নৌপুলিশকে অথবা টেলিফোন নম্বর ০২-৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২১৪৭ অথবা ০১৭৬৯-৭০২১৪৩ এ অবহিত করুন।

**জেনে রাখুন** ◆ নৌবাহিনীতে আর্থিক লেনদেনের মাধ্যমে ভর্তি হওয়া দন্ডনীয় অপরাধ। ◆ আর্থিক লেনদেনে জড়িত থাকলে যোগ্যতার ভিত্তিতে নির্বাচিত প্রার্থীও যে কোন সময় বহিস্কৃত হতে পারে। ◆ আর্থিক বা বৈবাহিক প্রতিশ্রুতির মাধ্যমে প্রতারক চক্র চাকরি দেবার আশ্বাস দিতে পারে। ◆ প্রতারক চক্র সাধারণতঃ নৌবাহিনীর রিক্রুটিং টিম এর সাথে সংশ্লিষ্টদের অজান্তে তাদের নাম ভাঙিয়ে অর্থ/উৎকোচ গ্রহণ করে। ◆ দালাল/প্রতারকদের সন্ধান দিয়ে যোগ্য প্রার্থী নির্বাচনে সহায়তা করুন। ◆ নৌবাহিনীতে নাবিক ভর্তি কেবলমাত্র সংবাদপত্রে প্রকাশিত তারিখ ও স্থান অনুযায়ী নৌ রিক্রুটিং টিমের মাধ্যমেই হয়ে থাকে। বিচ্ছিন্ন কোন স্থান, সময় বা ব্যক্তিবর্গের মাধ্যমে নয়। ◆ প্রাথমিক নির্বাচন, প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা, লিখিত ও চূড়ান্ত নির্বাচন একই দিনে ভর্তির স্থানে সকলের সম্মুখেই অনুষ্ঠিত হয়-এ প্রক্রিয়ায় কোন প্রকার আর্থিক লেনদেনের সুযোগ নেই। ◆ নিজ জেলা ব্যতীত অন্য জেলায় ভুয়া কাগজপত্র প্রদর্শনের মাধ্যমে ভর্তির প্রয়াস পরবর্তীতে প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে চাকরি হতে বহিস্কার করা হয় এবং প্রয়োজনে শাস্তি প্রদান করা হয়। ◆ যে কোন প্রকার সুপারিশ অযোগ্য হিসেবে বিবেচিত হবে। ◆ চাকরিতে যোগদানের পূর্বে কেউ বিবাহ বন্ধনে আবদ্ধ থাকলে তাকে অনতিবিলম্বে চাকরিচ্যুত করা হবে।

**বিশেষ দ্রষ্টব্য** ❐ জনসমাগম এড়ানোর লক্ষ্যে প্রার্থীদের কোনো অভিভাবকের ভর্তি কেন্দ্রে আগমন সম্পূর্ণ নিষিদ্ধ। ❐ প্রার্থীদের ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শাখা নির্ধারিত হবে বিধায় আবেদনকৃত শাখাই চূড়ান্ত নয়। ❐ স্বাভাবিকের চেয়ে বেশী শারীরিক তাপমাত্রার কোনো প্রার্থীকে ভর্তি কেন্দ্রে ঢুকতে দেয়া হবে না। ❐ বিশেষ কারণে উল্লেখিত তারিখসমূহ পরিবর্তনশীল।


পরিচালক, পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর
নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩, ফোন ঃ ০২-৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২২১৫
হেল্প লাইন ঃ ০১৭৬৯৭০২২১৫ (সকাল ০৮০০ - রাত ০৮০০ ঘটিকা), website : www.joinnavy.navy.mil.bd


**অনলাইনে আবেদনের তারিখ : ১২ সেপ্টেম্বর - ১২ অক্টোবর ২০২৩**